**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# MTA সিস্টেমজুড়ে যাত্রী সংখ্যার রেকর্ড তৈরি হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***সাবওয়ে, বাস, কমিউটার রেলরোড এবং প্যারাট্রানজিট বুধবার, 14 সেপ্টেম্বর তারিখে 5.6 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে বহন করেছে***

***বুধবারে সাবওয়েগুলো 3.7 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে বহন করেছে, যা 2020 সালের শুরুর সময়ের পর থেকে সর্বোচ্চ, যেটি গত সপ্তাহে তৈরি হওয়া রেকর্ড ভেঙ্গে ফেলেছে***

***বাসগুলো মঙ্গলবারে প্রাথমিক হিসেব অনুযায়ী 1.5 মিলিয়নেরও বেশি যাত্রী বহন করে 2022 সালের যাত্রী সংখ্যার রেকর্ড তৈরি করেছে***

***মেট্রো-নর্থ রেলপথ টানা দ্বিতীয় দিনের মতো যাত্রী সংখ্যার রেকর্ড তৈরি করে, 181,600 জনেরও বেশি যাত্রী বহন করেছে; LIRR 2022 সালের দ্বিতীয় সর্বোচ্চ যাত্রী সংখ্যার রেকর্ড তৈরি করেছে***

***OMNY অর্ধ বিলিয়ন ট্যাপ করার সংখ্যায় পৌঁছার একই সপ্তাহে এসব রেকর্ড তৈরি হয়েছে***

***আজকের সংবাদ সম্মেলনের ছবিগুলো এখানে দেখুন***

***আজকের সংবাদ সম্মেলন এখানে দেখুন***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority) বুধবার, 14 সেপ্টেম্বর তারিখে 5.6 মিলিয়নেরও বেশি যাত্রী বহন করে স্টেটজুড়ে যাত্রী সংখ্যার একটি রেকর্ড তৈরি করেছে। সাবওয়ে এবং বাসগুলো বুধবারে 5.2 মিলিয়নেরও বেশি যাত্রী বহন করে উভয়েই যাত্রী সংখ্যার রেকর্ড তৈরি করেছে। বুধবারে 3,734,742 জন যাত্রী বহন করার মাধ্যমে সাবওয়ে 8 সেপ্টেম্বরে তৈরি হওয়া যাত্রী সংখ্যার রেকর্ড অতিক্রম করে গেছে, যা 2021 সালের তুলনামূলক দিনের তুলনায় 28.5 শতাংশ বেশি। বাসের যাত্রী সংখ্যা 1.5 মিলিয়ন অতিক্রম করেছে, যেখানে প্রাথমিক গণনায়

মোট যাত্রী সংখ্যা 1,523,000 বলে জানা গেছে, গণনা সম্পন্ন হলে যেটি আনুমানিক 15 শতাংশ বাড়তে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে।

"আমাদের যাত্রী সংখ্যার এই রেকর্ড সর্বশেষ নির্দেশক যে নিউ ইয়র্কের পুনরুদ্ধার সঠিক পথে ফিরে আসছে, এবং আরো বেশি উন্নত এবং অধিকতর শক্তিশালী একটি নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য আমরা সামনের দিকে এগিয়ে যাওয়া অব্যাহত রাখবো," **বলেছেন গভর্নর হোকল**। "যাত্রীরা সোয়াইপ করে, ট্যাপ করে, এবং পরিবহনে ভ্রমণ করে নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারকে এগিয়ে নিচ্ছে, এবং আমরা এই গতিশীলতা ধরে রাখার চেষ্টা করবো।"

কমিউটার রেলরোডে যাত্রী সংখ্যা ক্রমশ বৃদ্ধি পেতে দেখা যাচ্ছে। টানা দ্বিতীয় দিনের মতো, মেট্রো-নর্থ রেলপথ বুধবারে 181,600 জনেরও বেশি যাত্রী বহন করে, যাত্রী সংখ্যার রেকর্ড তৈরি করেছে, যা 2020 সালের মার্চের পর থেকে সর্বোচ্চ। লং আইল্যান্ড রেল রোড বুধবারে 202,700 জনেরও বেশি যাত্রী বহন করার মধ্য দিয়ে, 2020 সালের মার্চ মাসের পর থেকে সপ্তাহের কোনো দিনে দ্বিতীয় বারের মতো 200,000 এরও বেশি যাত্রী বহন করেছে। প্রাথমিক হিসেব অনুযায়ী মোট যাত্রী সংখ্যা গত সপ্তাহে 7 সেপ্টেম্বরে LIRR-এর সেট করা রেকর্ডের পরে দ্বিতীয় অবস্থানে রয়েছে।

অ্যাক্সেস-এ-রাইডও বুধবারে 28,000 ট্রিপের সময়সূচি নির্ধারণ হওয়ার মাইলফলকে পৌছেছে, যা 2020 সালের মার্চ মাসে কোভিড-19 মহামারী শুরু হওয়ার পর থেকে সর্বোচ্চ পরিমাণ। গত সপ্তাহে আবার স্কুল খোলার পর থেকে, অ্যাক্সেস-এ-রাইড ট্রিপের সংখ্যা মহামারীর আগের সময়ের তুলনায় গড়ে 86 শতাংশে পৌঁছেছে।

**MTA-এর সভাপতি এবং CEO জ্যানো লিয়েবের বলেন**, "আমি আমার ক্যারিয়ারের প্রায় পুরো সময়জুড়ে লোকজনকে নিউ ইয়র্কের মৃতুসংবাদ লিখতে শুনে আসছি, এবং আমি আপনাদের বলতে পারি যে MTA-তে আমরা তাদেরকে ভুল প্রমাণ করতে যাচ্ছি। এসব যাত্রী সংখ্যা আমাদের সর্বশেষ অনুমিত যাত্রী সংখ্যার উচ্চতর অংশের দিকে রয়েছে এবং দেখিয়ে দিচ্ছে যে গণপরিবহন সঠিক দিকে এগিয়ে যাচ্ছে এবং আমরা এই যাত্রায় থামছি না। যদিও নিশ্চিতভাবেই ঘরে বসে কাজ করার কিছু ধরন অব্যাহত থাকবে, আমরা যাত্রী সংখ্যার যে বৃদ্ধি দেখতে পাচ্ছি এটা জানান দেয় যে অফিসে ফিরে আসা একটি অর্থপূর্ণ প্রবণতা।"

**NYC ট্রানজিট (NYC Transit)-এর প্রেসিডেন্ট রিচার্ড ড্যাভি বলেন, "**আমি আমার ক্যারিয়ারের প্রায় পুরো সময়জুড়ে লোকজনকে NY-এর মৃতুসংবাদ লিখতে শুনে আসছি, এবং আমি আপনাদের বলতে পারি যে MTA-তে আমরা তাদেরকে ভুল প্রমাণ করতে যাচ্ছি। আমার দায়িত্ব পালনের শুরুতেই আমি একটা বিষয় জেনে গেছি যে নিউ ইয়র্কবাসীররা এই সিটিতে চলাচলের জন্য সবচেয়ে দ্রুত, সবচেয়ে নিরাপদ, সবচেয়ে সুবিধাজনক উপায় কোনটি তা বুঝতে পেরেছে। এই সিস্টেমে থাকা যেকেউ নিউ ইয়র্ক যে কর্মব্যস্ততার জন্য পরিচিত সেই রূপে এটির ফিরে যাওয়ার ব্যাপারটি অনুভব করতে পারবে। শরতকাল এগিয়ে আসার এই সময়ে, NYC ট্রানজিট গ্রাহকদেরকে স্কুলে, কর্মস্থলে, এবং শীঘ্রই বেসবল গেম খেলার মাঠে নিয়ে যাওয়া অব্যাহত রাখবে।"

**মেট্রো-নর্থ রেলপথের প্রেসিডেন্ট এবং LIRR-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন,** "এত বেশি সংখ্যক গ্রাহকের ফিরে আসতে দেখা একটি দারুণ ব্যাপার, কারণ এটি এই অঞ্চলের চলাচলের জন্য রেলপথ ব্যবহার করার আকর্ষণের কথা বলে। এই যাত্রী সংখ্যা বৃদ্ধি পাওয়া একটি চমৎকার সময়ে ঘটছে। নতুন ট্রেন টাইম (TrainTime) অ্যাপটি 295,000 বার ডাউনলোড হয়েছে, যেখানে অ্যাপটি চালু হওয়ার পর থেকে 1.2 মিলিয়ন ব্যবহারকারী তৈরি হয়েছে এবং অ্যাপটির মাধ্যমে 1.75 মিলিয়ন টিকিট ক্রয় করা হয়েছে। শরতকাল এবং ছুটির দিনের মৌসুম এগিয়ে আসার এই সময়ে আমরা রেলপথে আরো বেশি যাত্রীকে স্বাগত জানানোর প্রত্যাশা রাখি।"

অথরিটির সংস্পর্শবিহীন ভাড়া পরিশোধ করার সিস্টেম, OMNY একটি মাইলফলক অতিক্রম করা উদযাপনের এই সময়ে যাত্রী সংখ্যার এসব রেকর্ড তৈরি হয়েছে। 15 সেপ্টেম্বর তারিখে বিকাল 3:00টার ঠিক আগে গ্র্যান্ড সেন্ট্রাল সাবওয়ে স্টেশনে 4-5-6 নম্বর লাইনে OMNY-তে 500 মিলিয়নতম ট্যাপ সম্পন্ন হয়েছে যখন ডেবি নামে একজন যাত্রী মিডটাউন ম্যানহাটন থেকে একটি কাজের মিটিং শেষ করে ব্রুকলিনে বাড়িতে ফেরার জন্য একটি টার্নসটাইলে তার ফোনে ট্যাপ করেন, MTA কর্মীরা তাকে স্বাগত জানিয়ে OMNY-এর মাধ্যমে অর্থ পরিশোধ করা অর্ধ বিলিয়নতম যাত্রী হওয়ার জন্য অভিনন্দন জানান। কয়েক মিনিট পরেই এই মাইলফলক অর্জনের স্বীকৃতিস্বরূপ আয়োজিত একটি অনুষ্ঠানে তাকে 100 ডলারের প্রি-লোডেড OMNY কার্ড এবং OMNY-ব্র্যান্ডের পোশাক প্রদান করা হয়।

**MTA-এর ভারপ্রাপ্ত চিফ কাস্টমার অফিসার শানিফাহ রিয়েরা বলেন,** "এই মাইলফলক ট্রানজিট গ্রাহকরা ইতোমধ্যে ক্রমশ যে বিষয়টি জানতে পেরেছেন সেই বিষয়টিই তুলে ধরছে - OMNY হচ্ছে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট ব্যবহার করে ভ্রমণ করার সেরা, দ্রুততম এবং সবচেয়ে সুবিধাজনক উপায়। সাবওয়ে এবং বাসগুলোতে OMNY প্রতিদিন হাজার হাজার গ্রাহকের জন্য অর্থ প্রদানের পছন্দনীয় মাধ্যম হয়ে উঠছে। MTA সিস্টেমজুড়ে OMNY-এর ব্যবহার চালু করা অব্যাহত রাখার এই সময়ে, আমরা আরো বেশি যাত্রীকে এই সিটিজুড়ে চলাচলের জন্য ট্যাপ করতে দেখার প্রত্যাশা রাখি।"

**সাবওয়ে যাত্রী ডেবি যিনি 500 মিলিয়নতম ট্যাপ রেকর্ড করেছেন, বলেন,** "সাবওয়ে ব্যবহার করতে পারা, নিরাপদে কর্মস্থলে পৌঁছাতে পারা এবং বাড়িতে ফিরে আসতে পারার জন্য আমি সত্যিকার অর্থেই কৃতজ্ঞ। এবং OMNY ব্যবহার করার সুবিধার জন্যেও আমি কৃতজ্ঞ।"

OMNY বা ওয়ান মেট্রো নিউ ইয়র্ক (One Metro New York) 2019 সালে 19টি সাবওয়ে স্টেশনে এবং স্ট্যাটেন আইল্যান্ডে বাসগুলোতে পাইলট পর্যায়ে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়। 2020 সালের ডিসেম্বর মাসে সংস্পর্শবিহীন এই সিস্টেম 472টি সাবওয়ে স্টেশনের সবগুলোতে এবং MTA-এর 5,800 বাস ফ্লিটের সম্পূর্ণ অংশে চালু করা হয়, যেখানে বর্তমানে প্রায় 15,000 OMNY রিডার রয়েছে।

এই বছরের শুরুতে অথরিটি সাবওয়ে এবং বাসগুলোতে OMNY ভাড়ার ঊর্ধ্বসীমা-সীমিত করার পাইলট কর্মসূচি চালু করেছে। ভাড়ার উর্দ্ধসীমা সীমিত করার পাইলটে একটি "লাকি 13"

বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত যেখানে প্রতি সপ্তাহের 13তম যাত্রা থেকে শুরু করে, সাবওয়ে বা বাসে প্রতিটি অতিরিক্ত যাত্রা সেই সপ্তাহের বাকি দিনগুলির জন্য বিনামূল্যে করা যাবে।

কমিউটার রেলে, LIRR এবং মেট্রো-নর্থ উভয়েই ভাড়া সংক্রান্ত ছাড়ের প্যাকেজ প্রদান করা অব্যাহত রেখেছে, এবং সম্প্রতি একটি নতুন ট্রেন টাইম অ্যাপ চালু করেছে। ট্রেন টাইম টিকেট ক্রয় করার সঙ্গে রিয়েল-টাইমে ট্রেন ট্র্যাক করা এবং ধারণক্ষমতা ট্র্যাক করার সম্মিলন ঘটিয়েছে, এবং গ্রাহকরা এটিকে বেশ ভালোভাবে গ্রহণ করেছেন। চালু হওয়ার পর থেকে ট্রেন টাইম 295,000 বার নতুন করে ডাউনলোড হয়েছে, 1.2 মিলিয়ন ব্যবহারকারী পেয়েছে এবং অ্যাপটির মাধ্যমে 1.75 মিলিয়নেরও বেশি টিকিট ক্রয় করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418